



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, হবিগঞ্জ
(স্থানীয় সরকার শাখা)
www.habiganj.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৬.৩৬০০.০০৪.১৭.০১৭ (অংশ-১).২২- ৬৮৯

তারিখ: ২০ অক্টোবর ২০২২

সংশোধিত নিয়োগ বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জেলা প্রশাসকের কার্যালয়, হবিগঞ্জ হতে গত ৮মে, ২০২২ তারিখের ০৫.৪৬.৩৬০০.০০৪.১৭.০১৭ (অংশ-১).২২-৩১৭ নম্বর স্মারকে “বার্তাবাহক” পদে দরখাস্ত আহ্বান করে বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। প্রকাশিত বিজ্ঞপ্তির পরিপ্রেক্ষিতে মোট ৬৯৬টি আবেদন পাওয়া যায়। পরবর্তীতে স্থানীয় সরকার বিভাগ এর ১১ সেপ্টেম্বর ২০২২ তারিখের ৪৬.০৯৯.০১৫.০২.০২.০০২.২০১৫ (অংশ-১)-৩৪৯ নম্বর স্মারকপত্রের মাধ্যমে “বার্তা বাহক” এর ০২(দুই)টি শূন্যপদে জনবল নিয়োগের ছাড়পত্র বাতিল করা হয় এবং ইতোপূর্বে “বার্তাবাহক” পদে আবেদনকারী ৬৯৬ জনকে “অফিস সহায়ক” পদে আবেদন করার সুযোগ প্রদান করা হয়।

২। স্থানীয় সরকার বিভাগের নির্দেশনা অনুযায়ী এ কার্যালয় হতে পূর্বের নিয়োগ বিজ্ঞপ্তি অনুসারে যারা ‘বার্তা বাহক’ পদে আবেদন করেছেন শুধু তাদের নিকট হতে নিম্নোক্ত শর্তে “অফিস সহায়ক” পদে আবেদন আহ্বান করা যাচ্ছে।

শর্তসমূহ

- ১.১ “বার্তাবাহক” পদে ৬৯৬জন আবেদনকারীদের মধ্যে যারা “অফিস সহায়ক” পদে আবেদন করতে ইচ্ছুক তাদেরকে “অফিস সহায়ক” পদে আবেদনের সুযোগ প্রদানের লক্ষ্যে ইতোপূর্বে জারিকৃত নিয়োগ বিজ্ঞপ্তি সংশোধনপূর্বক অত্র নতুন নিয়োগ বিজ্ঞপ্তি জারি করা হলো।
- ১.২ এ কার্যালয়ের নিয়োগ বিজ্ঞপ্তি অনুযায়ী যারা “অফিস সহায়ক” পদে আবেদন করেছেন তাদের আবেদনপত্র সংরক্ষিত আছে বিধায় পুনরায় আবেদনের প্রয়োজনীয়তা নেই।
- ১.৩ যারা ইতোপূর্বে প্রকাশিত বিজ্ঞপ্তি অনুসারে “বার্তাবাহক” পদে আবেদন করেছেন তাদের এ দফায় “অফিস সহায়ক” পদে আবেদনের ক্ষেত্রে আবেদন ফি জমা দিতে হবে না এবং যারা “অফিস সহায়ক” পদে আবেদন করতে ইচ্ছুক নন তারা অনলাইন আবেদনের প্রিন্ট কপি এবং জাতীয় পরিচয়পত্র প্রদর্শন করে এ কার্যালয়ের স্থানীয় সরকার শাখা (কক্ষ নম্বর ২১৩) হতে পরীক্ষার ফি বাবদ জমাকৃত ১০০/- (এক শত) টাকা নগদ ফেরত নিতে পারবেন।
- ১.৪ যারা বর্ণিত বিজ্ঞপ্তি অনুসারে “বার্তাবাহক” পদে ইতোপূর্বে আবেদন করেছেন তারা অফিস সহায়কপদে আবেদন করতে ইচ্ছুক হলে জনপ্রশাসন মন্ত্রণালয় হতে জারিকৃত ফরমেটে আবেদন করতে হবে। আবেদনপত্রটির নমুনা (MS Word File/PDF File কপি) এ কার্যালয়ের ওয়েবসাইট (WWW. habiganj.gov.bd)-এ পাওয়া যাবে। আবেদনের নির্ধারিত স্থানে ইতোপূর্বে “বার্তাবাহক” পদে আবেদনের আইডি উল্লেখ করতে হবে।
- ১.৫ অত্র নিয়োগ প্রক্রিয়ায় সরকারের সকল প্রচলিত বিধি-বিধান প্রযোজ্য হবে এবং ৮মে, ২০২২ তারিখের ০৫.৪৬.৩৬০০.০০৪.১৭.০১৭ (অংশ-১).২২-৩১৭ নম্বর স্মারকে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির শর্তাবলি বহাল থাকবে।
- ১.৬ আবেদনপত্র আগামী ০৮/১১/২০২২খ্রি.তারিখের মধ্যে সরাসরি অথবা ডাকযোগে কক্ষ নং ২১৩, স্থানীয় সরকার শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, হবিগঞ্জ এ পৌঁছাতে হবে।


(ইশরাত জাহান)

জেলা প্রশাসক
হবিগঞ্জ

ফোন: ০৮৩১-৬২১০০

ফ্যাক্স: ০৮৩১-৬১২০৫

email: dchabiganj@mopa.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৬.৩৬০০.০০৪.১৭.০১৭(অংশ-১).২২-


তারিখ: অক্টোবর ২০২২

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:

১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. বিভাগীয় কমিশনার (সকল)
৩. জেলা প্রশাসক (সকল)
৪. পুলিশ সুপার, হবিগঞ্জ
৫. সিভিল সার্জন, হবিগঞ্জ
৬. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, হবিগঞ্জ
৭. অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব/সার্বিক)/শিক্ষা ও আইসিটি/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, হবিগঞ্জ
৮. মেয়র/প্রশাসক, হবিগঞ্জ/নবীগঞ্জ/শায়েস্তাগঞ্জ/চুনারুঘাট/মাধবপুর/আজমিরীগঞ্জ পৌরসভা
৯. উপজেলা নির্বাহী অফিসার..... (সকল), হবিগঞ্জ। বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টানিয়ে এবং ওয়েবসাইটে প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১০. সহকারী কমিশনার/সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, হবিগঞ্জ। নিয়োগ বিজ্ঞপ্তিটি জেলা প্রশাসক, হবিগঞ্জ এর ওয়েবসাইটে আবেদন গ্রহণের শেষ তারিখ পর্যন্ত প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

পৃষ্ঠা-০২ (দুই)

১১. সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক আজকের পত্রিকা/দৈনিক জনকণ্ঠ/দৈনিক হবিগঞ্জের মুখ হবিগঞ্জ। নিয়োগ বিজ্ঞপ্তিটি আপনার পত্রিকায় স্বল্প পরিসরে ভিতরের পাতায় কেবল মাত্র ০১(এক) দিন সকল সংস্করণে প্রকাশপূর্বক প্রকাশিত বিজ্ঞপ্তির ০৫ (পাঁচ) কপি এ কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
১২. অফিস কপি।


(বিজেন ব্যানার্জী)
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)

ও
উপপরিচালক, স্থানীয় সরকার (অতিরিক্ত দায়িত্ব)
হবিগঞ্জ
ফোন নং ০৮৩১ ৬৩৩৩৬
email: ddlg habiganj@mopa.gov.bd